

# ওয়ার্ল্ড অ্যাডভেঞ্চার

মেহগনি আর সেগুন কাঠে তৈরি ১৪০ ফুট দীর্ঘ ব্রিগ্যানটাইন (দুই মাস্তুলবিশিষ্ট পালতোলা জাহাজ) জন প্লেয়ার গত ২৩ জুলাই ২০০২ সংযুক্ত আরব আমিরাতের দুবাই থেকে হংকং-এর উদ্দেশে ২০০২ ওয়ার্ল্ড অ্যাডভেঞ্চার শুরু করেছে। স্পিরিট অব এন্টারপ্রাইজ ভাবধারা অনুযায়ী ক্যাপ্টেন ও তার নাবিকেরা তাদের যাত্রা পথের প্রতিটি গন্তব্যে আবিষ্কার করবেন সমুদ্র যাত্রার ইতিহাস কিভাবে এই গন্তব্যস্থল সমূহের অর্থনৈতিক সাফল্যে অবদান রেখেছে।

সেইলিং শিল্প বর্তমানে সর্বকালের সেরা সময়ের মধ্যে দিয়ে যাচ্ছে। বিংশ শতাব্দীতে মাস্তুল, দড়িদড়া ও পালের ডিজাইন, নির্মাণ ও ব্যবহৃত সামগ্রীর ক্ষেত্রে ব্যাপক উন্নয়ন সাধিত হয়েছে। একটি মাত্র গাছ থেকে তৈরি নিরেট কাঠের মাস্তুলের পরিবর্তে এখন ব্যবহৃত হচ্ছে অ্যারোডিনামিক পরীক্ষায় উত্তীর্ণ কারবন ফাইবারের সেকশন, যা একই সঙ্গে অসাধারণ হালকা আর মজবুত।

এছাড়াও সুতি কাপড়ের তৈরি পাল ও কারবনের রিগের কাঠের যন্ত্রাংশ ব্যবহারের ফলে কাঁচামাল ও নির্মাণ শৈলীর ক্ষেত্রে বেশ কিছু উন্নয়ন ঘটেছে। যার ফলে তৈরি হয়েছে এক নতুন ধরনের ইয়ট।

## হোলসিম পেয়েছে বিএসটিআই সার্টিফিকেট

হোলসিম দেশের নেতৃস্থানীয় আইএসও ৯০০২ সনদপ্রাপ্ত সিমেন্ট কোম্পানি হুন্দাই সিমেন্ট বাংলাদেশ লিঃ থাকাকালীন সময় থেকে বিএসটিআই-এর অনুমোদন পেয়ে আসছে। সকল দ্বিধা দূর করতে এই অনুমোদন সম্প্রতি ইস্যু করা হয়েছে। হুন্দাই সিমেন্ট (বিডি) লিঃ-এর বিএসটিআই-এর সিএম লাইসেন্স বর্তমানে হোলসিম (বাংলাদেশ) লিঃ হলো ৪২০২/জি-১৮/২০০২।

হোলসিম-এর নবায়নকৃত বিএসটিআই সিএম লাইসেন্স বর্তমানে প্রক্রিয়াধীন রয়েছে, এবং বিএসটিআই ও হোলসিম কর্তৃপক্ষ এ বিষয়ে ইতিবাচকভাবে কাজ করে যাচ্ছেন।

বিশ্বমানের হোলসিম সিমেন্ট দিয়ে যমুনা ব্রিজ, সায়দাবাদ ওয়াটার ট্রিটমেন্ট প্ল্যান্ট, খিলগাঁও ফ্লাইওভার এবং ভৈরব ব্রিজ (নির্মাণাধীন) সহ দেশের অসংখ্য বড় বড় নির্মাণ কাজ হয়ে আসছে। আর এটি সম্ভব হয়েছে বাংলাদেশে এবং বিশ্বজুড়ে নিয়ন্ত্রিত এর উচ্চমানের কারণে।




## ডেল্টা-ব্র্যাক-এর সমীক্ষা প্রতিবেদন

গত ২০ আগস্ট ডেল্টা-ব্র্যাক হাউজিং লিমিটেড 'বাংলাদেশে রিয়েল এস্টেট খাতের ভবিষ্যৎ বৃদ্ধি শীর্ষক এক সমীক্ষা প্রতিবেদনের ফলাফল প্রকাশ করে। মনিটর গ্রুপ সম্পাদিত এ সমীক্ষা প্রতিবেদনটিতে রিয়েল এস্টেট খাতের বর্তমান অবস্থা এবং ভবিষ্যতে বৃদ্ধি নিয়ে আলোচনা করা হয়। প্রেসব্রিফিং-এ বক্তব্য রাখেন ডিবিএইচ-এর ব্যবস্থাপনা পরিচালক এ কিউ এম শরিফুল আলা, হেড অব অপারেশনস ইশতিয়াক এইচ চৌধুরী। এছাড়াও ডিবিএইচ-এর হেড অব ক্রেডিট এন্ড বিজনেস ডেভেলপমেন্টের এ ফারজাদ চৌধুরী এবং কোম্পানি সচিব এসএইচ আসলাম হাবিব উপস্থিত ছিলেন। সমীক্ষায় দেখানো হয় উচ্চবিত্ত শ্রেণীর ক্রেতাদের জন্যই ডেভেলপাররা শুরুতে বড় অ্যাপার্টমেন্ট তৈরিতে উৎসাহী ছিলেন। কিন্তু সময়ের পরিবর্তনে এখন ছোট বা মাঝারি আকৃতির অ্যাপার্টমেন্ট তৈরির দিকে তারা ঝুঁকছে। সমীক্ষায় অন্য একটি অংশে দেখা যায়, মধ্যবিত্ত আয়ের একজন ক্রেতাকে ঢাকায় বাড়ি কিনতে তার মোট আয়ের ১৭ গুণ ব্যয় করতে হবে।

# ইবিএল-এর বিশেষ সঞ্চয় সপ্তাহ



সম্প্রতি ব্যাপক আড়ম্বরে ইস্টার্ণ ব্যাংক লিমিটেড বাংলাদেশে তাদের সেবার ১০ম বছর পূর্তি পালন করলো। এই উপলক্ষে গ্রাহকদেরকে আরো উত্তম সেবা দেয়ার জন্যে নেয়া হয় উৎসাহব্যঞ্জক কর্মসূচি । দেশের প্রতিটি ইবিএল-এর শাখাকে সাজানো হয় কালারফুল বেলুনে, তৈরি করা হয় ইবিএল-এর নতুন লোগো, হরাইজেন্টাল ব্যানারসহ আরো অনেক কিছু।

ইবিএল এ উপলক্ষে তাদের সম্মানিত গ্রাহকদের সম্মানে পালন করে বিশেষ সঞ্চয় সপ্তাহ। এরই অংশ হিসেবে সাত দিনের জন্যে নেয়া হয় এক নতুন এবং অভিনব 'মাটির ব্যাংক' কার্যক্রম। সপ্তাহব্যাপী এই কার্যক্রম শুরু হয় ১৭ আগস্ট থেকে। এদিন দেশজুড়ে প্রতিটি ইবিএল-এর শাখা থেকে সম্মানিত গ্রাহকদেরকে প্রদান করা হয় একটি মাটির ব্যাংক। এই মাটির ব্যাংকে গ্রাহকগণ ন্যূনতম ২০ টাকা দিয়ে এক সপ্তাহের জন্যে সঞ্চয় শুরু করবেন। পরে এই মাটির ব্যাংকগুলোকে ইবিএল-এর ব্রাঞ্চ ম্যানেজার এবং সম্মানিত গ্রাহকদের উপস্থিতিতে ২৫ আগস্ট খোলা হবে। সর্বোচ্চ সঞ্চয়কারীকে 'সপ্তাহের সেরা সঞ্চয়কারী' খেতাবে ভূষিত করা হবে। সেই সঙ্গে সেরা সঞ্চয়কারীকে আকর্ষণীয় পুরস্কারে পুরস্কৃত করা হবে। এই সেবা কার্যক্রমের শিরোনাম ছিল 'ইবিএল সঞ্চয় সপ্তাহ'।

# শিশু বিকাশ নেটওয়ার্ক

শিশু বিকাশ নেটওয়ার্ক শিশুদের ওপর নির্যাতন প্রতিরোধে সামাজিক আন্দোলন গড়ে তোলার আহ্বান জানিয়েছে। গত ২৪ আগস্ট জাতীয় প্রেসক্লাবের ভিআইপি লাউঞ্জে অনুষ্ঠিত সংবাদ সম্মেলনে নেটওয়ার্কের নেতৃবৃন্দ এ দাবি জানান। সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন নেটওয়ার্কের সভাপতি অধ্যাপক ডাঃ নায়লা জামান খান, সমন্বয়কারী ড.শামীমা ফেরদৌস, সাব্বির আনোয়ার। সংবাদ সম্মেলনে আরো বক্তব্য রাখেন অধ্যাপক আবু সায়ীদ, অ্যাডভোকেট সালমা আলী, অধ্যাপিকা সুলতানা জামান। বক্তারা বলেন, শিশুরা আজ ঘরে-বাইরে নিরাপত্তাহীনতায় ভুগছে। তাদের রক্ষায় সকলকে এগিয়ে আসতে হবে। বক্তারা ক্রমবর্ধমান হারে শিশু খুন হওয়ার ঘটনায় উদ্বেগ প্রকাশ করেন।

# শরৎ এবং পূজায় আবর্তন

শরৎ এবং পূজার ডিজাইনকে 'অরণ্য' নামকরণ করেছে এবার আবর্তন, তাদের ডিজাইন করা পোশাককে। শরৎ বলতে সাদা এবং নীল রঙের খেলা আর পূজাকে সামনে রেখে গাঢ় রঙ ব্যবহার করা হয়েছে। সংমিশ্রণ কাজের পরিমাণ এবার বেশি মেয়েদের পোশাকে। আবর্তনের পোশাকের দাম মধ্যবিত্ত থেকে শুরু করে সবার হাতের নাগালে। মেয়েদের পোশাক (থ্রি পিস) ৮২৫-১৪২৫ টাকা, মেয়েদের শাড়ি (সুতি) ৬২৫-১২৭৫, মেয়েদের শাড়ি সিল্ক-১৮০০-৩৫০০, ছেলেদের পাঞ্জাবি ৩৯৫-৫২৫ ও ফতুয়া ৩২৫-৪২৫ টাকায় পাওয়া যাবে। এবার আবর্তন পাঞ্জাবিতে ব্লক এবং টাই এন্ড ডাইকে প্রাধান্য দিয়েছে বেশি। আগামী ১ তারিখ থেকে আবর্তনের বিভিন্ন শো রুমের ঠিকানা ৪৪, আয়শা কমপ্লেক্স, ৮৫, নিউ সার্কুলার রোড, মালিবাগ, ঢাকা-১২১৭, ফোন : ৮৩১৭৮৯৬ ও ১০০/এ শুক্রাবাদ টাওয়ার, শুক্রাবাদ মিরপুর রোড, ধানমন্ডি, ঢাকা। এগুলোতে পোশাক পাওয়া যাবে।

# লেখা আহ্বান

আসন্ন শারদীয় দুর্গাপূজা ২০০২ উপলক্ষে হিন্দু কল্যাণ সমিতির উদ্যোগে শারদীয় সংকলন **'আগমনী'** ৬ষ্ঠ সংখ্যা বের হবে। সম্পূর্ণ অফসেট কাগজে মুদ্রিত এই সংকলনের জন্য দেশ-বিদেশের যে কেউ গল্প, কবিতা, নিবন্ধ, প্রবন্ধ, রম্যরচনা, ভ্রমণ কাহিনি ইত্যাদি বিষয়ের ওপর লেখা পাঠাতে পারেন। আগ্রহী লেখকদের অতি সত্বর নিম্ন ঠিকানায় লেখা পাঠানোর আহ্বান জানাচ্ছি।- সম্পাদক, **'আগমনী'**, পিপল্স ড্রাগ, দোকান নং-১০৮, ৭৩, এয়ারপোর্ট রোড, লায়ন শপিং কমপ্লেক্স, তেজগাঁও, ঢাকা-১২১৫, বাংলাদেশ।

# সানিডেইল স্কুল চ্যাম্পিয়ন

বাংলাদেশ টেলিভিশন কর্তৃক আয়োজিত বছরব্যাপী অনুষ্ঠিত ৫ম জাতীয় টেলিভিশন সংসদীয় ইংরেজি বিতর্ক প্রতিযোগিতায় সানিডেইল স্কুল চ্যাম্পিয়ন ও এসএফএক্স গ্রিন হেরাল্ড স্কুল রানার্স আপ হওয়ার গৌরব অর্জন করেছে।

এই বিষয়ের ওপর গত ৭ আগস্ট বাংলাদেশ টেলিভিশনের রামপুরাস্থ অডিটরিয়ামে প্রতিযোগিতার ফাইনাল অনুষ্ঠিত হয়। চ্যাম্পিয়ন দল সানিডেইল স্কুলের বক্তারা হচ্ছে প্রথমা কোমল নবী, নাবিলা ইদ্রিস ও ইপশিতা আনহার ইসলাম এবং রানার্স আপ দলের বক্তারা হচ্ছে রেজওয়ান হক, অর্নব কাদরী ও আলেকজান্ডার ভট্টাচারীয়া।

# মৌলিক শিক্ষায় ত্রুটি বিষয়ে সেমিনার




২২ আগস্ট, ২০০২ : সচেতন নাগরিক কমিটি, কিশোরগঞ্জ সদর এবং ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ-এর উদ্যোগে কিশোরগঞ্জ প্রেসক্লাবে 'মৌলিক শিক্ষায় ত্রুটি : প্রতিকারের উপায়' শীর্ষক সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করছেন জাহাঙ্গীর নগর বিশ্ববিদ্যালয়ের শিক্ষক প্রফেসর শফি আহমেদ। মঞ্চে উপবিষ্ট কিশোরগঞ্জের জেলা প্রশাসক মোঃ মাহফুজুর রহমান, অধ্যাপক যতীন সরকার প্রমুখ।